

-: নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ সংগ্রহশালা :-

গবেষণা কাজে এবং লোকশিক্ষায় সংগ্রহশালার ভূমিকা অপরিহার্য। নবদ্বীপ এবং নবদ্বীপের পার্শ্ববর্তী অঞ্চলের পুরাবস্তু এখনও যা-যা পাওয়া যাচ্ছে সেগুলি সংগ্রহ করে রাখা হচ্ছে। নদিয়াসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে পাওয়া পুরাবস্তুও এই সংগ্রহশালায় সংগৃহীত হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় অধিকার- এর তত্ত্বাবধানে সাম্প্রতিকালে যে সব উৎখনন হয়েছে তারও কিছু কিছু নিদর্শন আমাদের সংগ্রহশালায় সংগ্রহ করা হয়েছে। নবদ্বীপের পার্শ্ববর্তী বর্ধমান জেলার জাহান্নগর পঞ্চায়েত সমিতির অন্তর্গত ‘মৌডাঙ্গা’ পুকুর কাটতে গিয়ে প্রাপ্ত সেনরাজাদের সময়ের পাথরের বিষ্ণুমূর্তির ভগ্নাংশ এই সংগ্রহশালায় রক্ষিত আছে। এই সংগ্রহশালায় অদ্যাবধি সংগৃহীত পুরাবস্তুতর সংখ্যা তিন শতাধিক। পুরাবস্তুত গুলির আধুনিক বিজ্ঞান সম্মতভাবে নিবন্ধীকরণ করা হয়েছে।